ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৪৯

আগরতলা,২২ মার্চ,২০২৫

**ত্রিপুরা হাইকোর্টের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে অ্যানুয়েল জুডিশিয়াল কনক্লেভ অনুষ্ঠিত**

আগামীকাল ত্রিপুরা হাইকোর্টের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ নরসিংগড়স্থিত ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অডিটোরিয়ামে একাদশতম অ্যানুয়েল জুডিশিয়াল কনক্লেভ অনুষ্ঠিত হয়। কনক্লেভে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারতের সুপ্রিমকোর্টের বিচারপতি পি এস নরসিমহা। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, বিগত দিনের কর্মসূচির পর্যালোচনা করা এবং আগামীদিনের কর্মসূচি কি হতে পারে তার একটি সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা ও তা কার্যকর করা খুবই গুরুত্বপূর্ণ। এই কনক্লেভের মাধ্যমে ত্রিপুরা হাইকোর্টে আইনি পরিষেবার বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। ভবিষ্যতে মানুষকে কিভাবে আইনি পরিষেবা দেওয়া যায় সে বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হবে। সাধারণ মানুষ যেন আইনি পরিষেবা সহজে গ্রহণ করতে পারেন সেভাবে কাজ করতে তিনি সবার প্রতি আহ্বান জানান। বিচারপতি পি এস নরসিমহা এই কনক্লেভের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ। তাছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরার অ্যাডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, ত্রিপুরা বার কাউন্সিলের চেয়ারম্যান রতন দত্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়। অনুষ্ঠানে রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন দিল্লি হাইকোর্টের সিনিয়র অ্যাডভোকেট জে পি সিং, রাজকোঠিয়া অ্যাসোসিয়েটসের অ্যাডভোকেট ও লিগ্যাল কনসালটেন্ট মিস মালবিকা রাজকোঠিয়া এবং রাজস্থানের যোধপুরের জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার প্রফেসর ডা. পুনম সাক্সেনা। অনুষ্ঠানে অতিথিগণ ত্রিপুরা হাইকোর্টের অ্যানুয়েল রিপোর্ট ২০২৪ এবং টিএসএলএসএ-এর অ্যানুয়েল নিউজ লেটার দুটির আবরণ উন্মোচন করেন। এছাড়া অনুষ্ঠানে ২০২৪-এ রাজ্যের স্বীকৃতিপ্রাপ্ত আইনজীবীদের শংসাপত্র প্রদান করা হয়।

*****